ঝিনাইদহের শৈলকুপায় ট্রাকের ধাক্কায় মানসিক প্রতিবন্ধী নিহত

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ঝাউদিয়া এলাকায় ট্রাকের ধাক্কায় এক মানসিক প্রতিবন্ধী নিহত হয়েছে।

রোববার (১৮ জানুয়ারি) ভোররাতে উপজেলার ঝাউদিয়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত মন্নু মোল্লা (৪০) উপজেলার বিজুলিয়া গ্রামের আবু তৈয়ব মোল্লার ছেলে।

স্থানীয়রা জানায়, মানসিক প্রতিবন্ধী মন্নু মোল্লা রাতে শৈলকুপা- হাটফাজিলপুর সড়কে ঘুরাঘুরি করছিলো। রাত ৩ টার দিকে একটি ট্রাক তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। ভোরে স্থানীয়রা রাস্তার পাশের তার লাশ দেখতে পেয়ে পুলিশে খবর দেয়। পরে পুলিশ এসে তার লাশ উদ্ধার করে।

শৈলকুপা থানার ওসি হুমায়ন কবির মোল্লা বলেন, ধারনা করা হচ্ছে ট্রাকের ধাক্কায় মন্নু নিহত হয়েছে। অভিযোগ না থাকায় পুলিশ তার লাশ উদ্ধার করে পরিবারের কাছে হস্তান্তরের প্রক্রিয়া চলছে।

ঝিনাইদহে ১২ দিন ব্যাপী কৃষি মেশিনারিজ ও যন্ত্রপাতি প্রদর্শনী মেলার উদ্বোধন

একটাই লক্ষ্য হতে হবে দক্ষ’ এই শ্লোগানে ঝিনাইদহে শুরু হয়েছে ১২ দিন ব্যাপী কৃষি মেশিনারিজ ও যন্ত্রপাতি প্রদর্শনী মেলা। আজ রোববার দুপুরে শহরের বড় খাজুরা গ্রামে এ মেলার উব্দোধন করা হয়।

এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় মেসার্স মল্লিক ট্রেডার্সের

স্বত্তাধিকারী রাজু মল্লিকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি’র সভাপতি মোয়াজ্জেম হোসেন।

বিশেষ অতিথি ঝিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ ইঞ্জিনিয়ার মিজানুর রহমান, উপাধ্যক্ষ মাহবুব উল ইসলাম, পৌরসভার সাবেক কমিশনার গোলাম মোস্তফা, বিএনপি নেতা শামসুজ্জামান মন্টু, বর্তমান কমিশনার আব্দুর রহমান রিপন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক লোকমান হোসেন। ১২ দিনব্যাপী এই মেলায় স্মার্ট পাওয়ার ট্রিলার, চাপ কাটার, গ্লেন্ডার মেশিন, চপিং মেশিনসহ নানা প্রযুক্তির প্রদর্শন করা হয়।

মেসার্স মল্লিক ট্রেডার্সের স্বত্বাধিকারী রাজু মল্লিক বলেন, আধুনিক কৃষি গড়ে তুলতে কৃষকদের নতুন প্রযুক্তি ও উন্নত কৃষি যন্ত্রপাতির সঙ্গে পরিচিত করানোই এই মেলার মূল উদ্দেশ্য। কৃষি খাতে দক্ষ জনবল তৈরি এবং সময় ও শ্রম সাশ্রয়ের মাধ্যমে উৎপাদন বাড়াতে আধুনিক মেশিনারিজ ব্যবহারের বিকল্প নেই। কৃষকরা যেন সহজে এসব যন্ত্র সম্পর্কে জানতে ও ব্যবহার শিখতে পারেন, সেই লক্ষ্যেই এই প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। রোববার থেকে শুরু হওয়া এই মেলা চলবে আগামী ৩০ জানুয়ারি পর্যন্ত।

কোটচাঁদপুর শহরের দুই ব্যবসা প্রতিষ্ঠানে আগুন

ঝিনাইদহের কোটচাঁদপুর শহরের দুটি ব্যবসা প্রতিষ্ঠানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। শনিবার (১৭ জানুয়ারি) রাত সাড়ে ৯টার দিকে এ ঘটনা ঘটে। ফায়ার সার্ভিস সূত্রে জানা গেছে, গ্যাস সিলিন্ডার থেকে আগুনের সূত্রপাত হতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বাঁশ, কাঠ ও টিন দিয়ে নির্মিত পাশাপাশি দুটি ব্যবসা প্রতিষ্ঠানের একটিতে চটের বস্তা ও পুরোনো কাগজের দোকান এবং অপরটিতে ফুসকা-চটপটির দোকান ছিল। রাতে দোকান দুটি

বন্ধ থাকার সময় স্থানীয়রা চটের বস্তা ও পুরোনো কাগজের দোকান থেকে ধোঁয়া বের হতে দেখে। এ সময় ফায়ার সার্ভিসকে খবর দেওয়া হলে তাদের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছানোর আগেই দ্রুত আগুন ছড়িয়ে পড়ে এবং দুইটি প্রতিষ্ঠান সম্পূর্ণভাবে ভস্মীভূত হয়ে যায়।

অগ্নিকাণ্ডের সময় পুরো শহর বিদ্যুৎশূন্য হয়ে পড়ে। পরে কোটচাঁদপুর ও মহেশপুর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট প্রায় দুই ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়।

কোটচাঁদপুর ফায়ার সার্ভিসের ইনচার্জ আবুল হাসেম জানান, ঘটনাস্থলের আশপাশে পর্যাপ্ত পানির ব্যবস্থা না থাকায় আগুন নেভাতে তাদের বেশ বেগ পেতে হয়েছে। তিনি আরও বলেন, প্রাথমিকভাবে ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ১৫ লাখ টাকা হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

অগ্নিকাণ্ডের সময় পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা ফায়ার সার্ভিস কর্মীদের কাজে সহায়তা করেন।

চটের বস্তা ও পুরোনো কাগজের দোকানের মালিক তৌহিদ অভিযোগ করে বলেন, পরিকল্পিতভাবে তার দোকান পুড়িয়ে দেওয়া হয়েছে। তিনি জানান, প্রায় দুই বছর আগেও একইভাবে রাতে তার দোকানে আগুন লাগানো হলে পাশের চারটি দোকান ভস্মীভূত হয়। সে সময় প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের কাছে অভিযোগ করেও কোনো প্রতিকার পাননি। এবারও ব্যবসায়িক দ্বন্দ্বের জেরে আরেক চটের বস্তা ব্যবসায়ীকে এ ঘটনার জন্য দায়ী করেন তিনি।

অন্যদিকে আগুনে ক্ষতিগ্রস্ত ফুসকা-চটপটির দোকানের মালিক সাজ্জাদ হোসেন বলেন, গত দুই বছরে এখানে দুইবার আগুন লাগার ঘটনা ঘটেছে। কীভাবে আগুন লাগে তা তিনি জানেন না। এবার আগুনে সবকিছু পুড়ে গিয়ে তিনি সম্পূর্ণ নিঃস্ব হয়ে গেছেন বলে জানান।

ঝিনাইদহে আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক আলোচনা সভা

ঝিনাইদহ সদরের খড়িখালী আদর্শ গ্রামে আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাশে এনজিও ফাউন্ডেশনের সহযোগিতায় এবং সেবাসংঘের ব্যবস্থাপনায় শুক্রবার বিকেলে খড়িখালী আদর্শ গ্রামের দাসপাড়ায় আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি বিশবিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড.তপন কুমার রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহারাজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খুরশিদ আলম মিয়া।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিষয়খালী সাহিত্য পরিষদের সভাপতি মোঃ আহম্মদ রাকিব, সাংবাদিক ময়না খাতুন, শাহাজান আলী প্রমূখ। উক্ত অনুষ্ঠান সঞ্চালন করেন সেবা সংঘের নির্বাহী পরিচালক আনিছুর রহমান।

অনুষ্ঠানে প্রধান অতিথি আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক তার গবেষণালব্ধ তথ্য উপস্থাপন করেন। সভাপতিসহ অন্যান্য বক্তাগণ আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধের বিষয়ে সচেতন থাকার আহব্বান জানান।

কোটচাঁদপুরে পুলিশের অভিযানে দেশীয় অস্ত্র উদ্ধার

কোটচাঁদপুরে পুলিশের অভিযানে দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে। গতকাল শুক্রবার রাতে কোটচাঁদপুর-সাফদারপুর সড়কের কুশকুড়ি মাঠ

এলাকা থেকে এসব অস্ত্র উদ্ধার করা হয়।

জানা যায়, শুক্রবার রাতে কোটচাঁদপুর মডেল থানার পুলিশের একটি টহল দল এলাকায় দায়িত্ব পালন করছিল। এ সময় গোপন সংবাদের ভিত্তিতে দেশীয় অস্ত্রের বিষয়ে তথ্য পায় পুলিশ।

এরপর কোটচাঁদপুর মডেল থানার এসআই (নি.) অপু বিশ্বাস সঙ্গীয় পুলিশ সদস্যদের নিয়ে ঘটনাস্থলে অভিযান পরিচালনা করেন। অভিযানে দেশীয় তৈরি ৫টি অস্ত্র উদ্ধার করা হয়। এর মধ্যে রয়েছে চা-পাতি, ছুরি ও হাসুয়া।

এর আগে গত ১৫ জানুয়ারি রাতে কোটচাঁদপুর উপজেলার সলেমানপুর গ্রামের মতিয়ার সর্দারের বাগান এলাকা থেকে র্যাব পরিত্যক্ত ও মালিকবিহীন দুটি ইয়ারগান উদ্ধার করে।

এ বিষয়ে কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদউজ্জামান বলেন, পরিত্যক্ত অবস্থায় উদ্ধার হওয়া কোনো মালামালের ক্ষেত্রে মামলা হয় না, জিডি করা হয়। শুক্রবার রাতে উদ্ধার হওয়া দেশীয় অস্ত্রগুলো থানায় এনে একটি জিডিমূলে সংরক্ষণ করা হয়েছে।

তিনি আরও বলেন, অস্ত্রগুলোর বিস্তারিত তথ্য এখনও জানা যায়নি। তবে নাশকতা সৃষ্টির উদ্দেশ্যে কেউ এগুলো জড়ো করে থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে অস্ত্রগুলো উদ্ধার করা হয়েছে।

কোটচাঁদপুরে র্যাবের অভিযানে পরিত্যক্ত ইয়ারগান উদ্ধার

কোটচাঁদপুরের একটি বাগান থেকে ২ টি পরিত্যক্ত ইয়ারগান উদ্ধার করেছেন ঝিনাইদহের র্যাব-৬। গতকাল বৃহস্পতিবার রাত ১ টার দিকে সলেমানপুর গ্রামের মতিয়ার সর্দারের বাগান থেকে উদ্ধার করা হয় গান দুইটি। পরে তা কোটচাঁদপুর থানার হেফাজতে রেখে যান বলে জানা

গেছে।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গোপন সংবাদে ঝিনাইদহের র্যাব-৬ জানতে পারেন পরিত্যক্ত ইয়ারগান দুইটির কথা। এরপর বৃহস্পতিবার রাত ১ টার দিকে ঝিনাইদহের র্যাব-৬ ও কোটচাঁদপুর থানার পুলিশ যৌথ অভিযান চালান কোটচাঁদপুরের সলেমানপুর গ্রামের মতিয়ার সর্দারের বাগানে।

এসময় ওখান থেকে উদ্ধার করেন, পরিত্যক্ত মালিক বিহীন দুইটি ইয়ারগান। এ অভিযান পরিচালনা করেন, ঝিনাইদহের র্যাব-৬ ক্যাম্প কমান্ডার মেহেদী হাসান সিদ্দিক। এ সময় কোটচাঁদপুর থানা পুলিশের উপপরিদর্শক এস আই অপু বিশ্বাস ও পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন। পরে তা কোটচাঁদপুর থানার হেফাজতে রেখে যান তারা।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদউজ্জামান বলেন, পরিত্যক্ত উদ্ধার হওয়া কোনো মালামালের মামলা হয় না। জিডি হয়। গতকাল বৃহস্পতিবার রাতে উদ্ধার হওয়া মালামাল নিয়ে থানায় একটি জিডি হয়েছে।

ঝিনাইদহে স্কুল শিক্ষার্থীদের মাঝে ব্যাগ ও বল বিতরণ

ঝিনাইদহে স্কুল পড়ুয়া শিক্ষার্থীদের মাঝে ব্যাগ ও ফুটবল বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলার সাগান্না ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে এ সামগ্রী বিতরণ করা হয়।

সাগান্না ইউনিয়ন পরিষদের প্রশাসক ও সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মীর রাকিবুল ইসলাম বলেন, ইউনিয়নের ৮টি প্রাথমিক বিদ্যালয় ও ২টি মাদ্রাসা পড়ুয়া শিক্ষার্থীদের মাঝে ১০০ টি ব্যাগ ২০টি ফুটবল এবং ১০টি ভলিবল প্রদান করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা জাকির হোসেন, উপ-সহকারী কৃষি কর্মকর্তা ফেরদৌস হায়দার জুয়েলসহ শিক্ষক ও ইউপি

সদস্যবৃন্দ। এসব সামগ্রী পেয়ে শিক্ষার্থীরা সন্তোষ প্রকাশ করেন।

কোটচাঁদপুরে পরিত্যক্ত আগ্নেয়াস্ত্র উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সলেমানপুর এলাকা থেকে পরিত্যক্ত অবস্থায় দুটি আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে র্যাব-০৬।

বৃহস্পতিবার ভোররাতে কোটচাঁদপুর-চৌগাছা সড়কের সলেমানপুর এলাকার একটি বাগান থেকে অস্ত্র উদ্ধার করা হয়।

র্যাব-৬, সিপিসি-২ ঝিনাইদহ ক্যাম্পের কোম্পানি কমান্ডার মেজর মেহেদী ইমরান সিদ্দিকী জানান, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে নিয়মিত বিভিন্ন এলাকায় অভিযান চালাচ্ছে র্যাব।

এরই ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে পরিত্যাক্ত অবস্থায়.২২ ক্যালিবারের একটি একনলা বন্দুক ও একটি এয়ারগান উদ্ধার করা হয়। এ ঘটনায় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য উদ্ধারকৃত অস্ত্র কোটচাঁদপুর থানায় সোপর্দ করা হয়েছে।

ঋণ খেলাপির দায়ে হরিণাকুণ্ডুর এক প্রাইমারি শিক্ষক কারাগারে

শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:এর ঋণ খেলাপির মামলায় হরিণাকুণ্ডু উপজেলার এক সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষককে গ্রেপ্তার করে কারাগারে পাঠানো হয়েছে।

গত সোমাবার মোছা: রিজিয়িা খাতুন নামে সহকারী শিক্ষক গ্রেপ্তার

হয় এবং মঙ্গলবার বিজ্ঞ যুগ্ম দায়রা জজ ১ম আদালত তার জামিন না মুঞ্জুর করে আদালতে প্রেরণ করেন।

মোছা: রিজিয়া খাতুন উপজেলার দুর্লভপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও কন্যাদহ এলাকার গাজীপুর স্কুলপাড়ার নজরুল ইসলামের কন্যা।

মামলার এজাহার থেকে জানা যায়, শিক্ষক রিজিয়া খাতুন শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: হরিণাকুণ্ডু শাখা থেকে নিজ প্রয়োজনে ঋণ গ্রহন করেন। এই পরিশোধে ব্যর্থ হয়ে গত ২০২২ সালের ৯জুন তারিখে টাকা পরিশোধের জন্য ৩,৯৯,৭০০/- (তিন লক্ষ নিরানব্বই হাজার সাতশত) টাকার চেক প্রদান করেন। সেই চেক ১৫জুন ২০২২ তারিখে হরিণাকুণ্ডু সোনালী ব্যাং থেকে ডিসঅনার করেন। এরপর দীর্ঘ আইনি প্রক্রিয়া শেষে ২০২৫ সালের ৬নভেম্বর তার অভিযোগ সন্ধ্যাতিত ভাবে প্রমানিত হওয়ায় ৫মাসের বিনাশ্রম কারাদন্ড ও ৩লক্ষ ৯৯হাজার ৭শত টাকা অর্থদন্ডে দন্ডিত হয়।

এই অর্থ অনাদায় এবং আদালত অবমাননার দায়ে সোমবার তার নিজ বাড়ি থেকে হরিণাকুণ্ডু থানা পুলিশ রিজিয়াকে গ্রেপ্তার করে। পরে বিজ্ঞ আদালত তার জামিন নামুঞ্জুর করে জেল হাজতে প্রেরণ করেন।

ঝিনাইদহে সুবিধা বঞ্চিত শিশুদের মধ্যে শিক্ষা সামগ্রী বিতরণ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট ও চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের উদ্যোগে ঝিনাইদহে সুবিধা বঞ্চিত শিশুদের মধ্যে শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার (১৪ জানুয়ারি) দুপুরে হরিণাকুণ্ডুর ভিক উদ্দিন-সারা খাতুন নূরানী ও হাফিজিয়া মাদ্রাসা ও ঝিনাইদহ শহরের ব্যাপারি পাড়ার

স্কুল অফ লাইফ এর সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে এই শিক্ষা সামগ্রী প্রদান করা হয়।

এসময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী অধ্যাপক (অব:) ও সাংবাদিক খুরশিদ মোহাঃ সালেহ, দৈনিক ইত্তেফাকের প্রতিনিধি মোঃ শাহানুর আলম, দৈনিক সময়ের আলো পত্রিকার জেলা প্রতিনিধি ও নবগঙ্গা ফিটনেস একাডেমির সত্বাধিকারী কাজী আলী আহমেদ লিকু এবং প্রাক্তন শিক্ষার্থীদের এ অঞ্চলের সমন্বয়কারী মুন্সী মোঃ আবু হাসান।

এই অনুষ্ঠানে দুটি শিক্ষা প্রতিষ্ঠানের দেড় শতাধিক সুবিধা বঞ্চিত শিশুদের মাধে খাতা, কলম, পেন্সিল ও স্কেলবক্রসহ বিভিন্ন শিক্ষা সামগ্রী বিতরণ করেন। এসময় অতিথিরা সুবিধাবঞ্চিত এসব দরিদ্র শিশুদের জন্য এমন সহযোগীতা অব্যাহত রাখার জন্য সমাজের বিত্তবানদের আহবান জানান।